[redacted]

[redacted] [redacted] [redacted] [

ভাঙাতে গিয়ে ধরা পড়েন এই জাল টাকা কারবারি।

মেহেরপুর সদর থানার উপপরিদর্শক (এসআই) সঞ্জীব কুমার জানান, কাথুলি বাসস্ট্যান্ডের বাবুল স্টোরে জাল নোট ভাঙাতে গিয়ে ধরা পড়ে সাব্বির। পরে পুলিশকে খবর দিলে তাকে আটক করা হয়। এসময় তার কাছে ৬ টি এক হাজার জাল নোট উদ্ধার করা হয়েছে।

জাল টাকা উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় দন্ড বিধি আইনের ৪৮৯ (খ) ও (গ) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ৭।
আটক আসামি সাব্বির হোসেনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীর চিতলা থেকে ৫০ পিস ইয়াবাসহ যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চিতলা মধ্যপাড়া রাস্তা থেকে ৫০ পিস ইয়াবাসহ হাসিবুল ইসলাম (২৬) নামের এক যুবককে আটক করেছে পুলিশ।

আজ সোমবার দুপুর সাড়ে ১২ টার সময় গাংনী থানার এস আই সইবুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

আটকৃত হাসিবুল ইসলাম গাংনীর বাঁশবাড়িয়া গ্রামের আকছেদ আলীর ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় একজন ইয়াবা বহন করছে। এসময় ওই যুবকের গতিবিধি সন্দেহ হলে পুলিশ চ্যালেঞ্জ করে তল্লাশি চালিয়ে তার পকেটে থাকা সিগারেটের প্যাকেটে থাকা ৫০ পিস ইয়াবা উদ্ধারসহ তারক আটক করা হয়।

এ বিষয়ে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মেহেরপুরে ভারত থেকে পাসপোর্ট বিহীন বাংলাদেশে প্রবেশ, যুবক আটক

পাসপোর্ট বিহীন অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় সানোয়ার হোসেন (৩২) নামের এক বাংলাদেশীকে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) ঝাঁঝা বিওপি ক্যাম্প। আটক সানোয়ার হোসেন মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের ফারুক হোসেনের ছেলে।

আজ বুধবার (৩০ নভেম্বর) বেলা আড়াইটার সময় সদর উপজেলার ঝাঁঝাঁ সীমান্তের আন্তর্জাতিক পিলার ১২১/৩ এস এর নিকট থেকে তাকে বিজিবির একটি টহল দল আটক করেন।

৬ বিজিবি’র ঝাঁঝাঁ বিওপি কমান্ডার নায়েক সুবেদার কাজী আজাদ এ তথ্য নিশ্চিত করেন।

নায়েক সুবেদার কাজী আজাদ বলেন, সানোয়ার হোসেন ভারত থেকে পাসপোর্ট বিহীন অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় বিজিবির টহল দল তাকে আটক করে। আটক সানোয়ার হোসেনের বিরুদ্ধে পাসপোর্ট আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে র্যাবের অভিযানে চোলাই মদসহ যুবক আটক

২৫ লিটার চোলাই মদসহ উজ্জ্বল হোসেন (৩০) নামের এক যুবককে আটক করেছে সিপিসি র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) গাংনী কাম্পের সদস্যরা।

উজ্জ্বল হোসেন মহম্মদপুর গ্রামের পূর্বপাড়ার হাফিজুল ইসলামের

ছেলে।

শনিবার (২৬ নভেম্বর) দিবাগত মধ্যরাতে গাংনী উপজেলার মহম্মদপুর গ্রামে অভিযান চালিয়ে ২৫ লিটার চোলাই মদসহ উজ্জল হোসেনকে আটক করা হয়।

সিপিসি-মেহেরপুর র্যাব-১২ সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার, মোহাম্মদ আবুল কালাম আজাদ এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রেসবিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গোপন সংবাদের ভিত্তিতে র্যাব-১২ এর গাংনী ক্যাম্পের সদস্যরা মোহাম্মদপুর গ্রামের পূর্বপাড়ার হাফিজুল ইসলামের বাড়িতে তার বাড়িতে অভিযান চালায়। দোচালা টিনের ঘরের ভিতর থেকে ২টি সাদা প্লাস্টিকের কন্টেনারে ২৫ লিটার দেশীয় তৈরি চোলাই মদসহ উজ্জ্বল হোসেনকে আটক করেন। এ বিষয়ে ২০১৮ সনের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬ (১) সারণির ৩২(ক) ধারায় একটি মামলার করে উজ্জল হোসেনকে পুলিশে হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ডিবি পুলিশের অভিযানে ৫ গ্রাম হেরোইনসহ যুবক আটক

৫ গ্রাম হেরোইনসহ মহিবুল ইসলাম (৩০) নামের এক যুবককে গ্রেফতার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের(ডিবি) একটি টিম। আটক মহিবুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে আজ বুধবার (২৩ নভেম্বর) বিকালের দিকে ডিবি পুলিশের একটি টিম সদর থানার সীশান্তবর্তি হরিরামপুর গ্রামের স্কুল পাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) সাইফুল আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

জেলা গোয়েন্দা পুলিশ(ডিবি)ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) সাইফুল আলমের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) জুম্মান,এস আই মহসিন, এএসআই হেলাল, এএসআই মাসুদ ও সঙ্গীয় ফোর্স অভিযানে অংশ নেন।

হেরোইন উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দিয়ে আসামিকে থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ডিবির অভিযানে ফেনসিডিলসহ ২ যুবক আটক

৯ বোতল ফেনসিডিলসহ দুই মাদক কারবারিকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)র একটি টিম।

আটকরা হলেন, সদর উপজেলার রাইপুর মধ্যপাড়া এলাকার আল হামদু শেখের ছেলে আলমগীর হোসেন (৩৫) ও একই এলাকার বদর উদ্দীন শেখের ছেলে মফিজুল ইসলাম শেখ (৩৩)।

আজ মঙ্গলবার (৪ অক্টোবর) সাড়ে ৩ টার দিকে তেরঘরিয়া বিজান বিলের সামনে গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের ফেনসিডিলসহ আটক করেন।

ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) জুম্মান খান, এএসআই মাসুদ রানা ও সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।

ওসি সাইফুল আলম বলেন, মাদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অভিযান চালানো হয়। আটক মাদক কারবারীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় সোপর্দ করা হয়েছে।